গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিভিল সার্জনের কার্যালয়
টাঙ্গাইল।
স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
ই-মেইল নম্বরঃ tangail@cs.dghs.gov.bd

স্মারক নং-সিএসটাং/শা-১/নিয়োগ/২০২৪/ ৫১০৭ তারিখঃ ০৫/ ০২ /২০২৪ খ্রি.।

"নিয়োগ বিজ্ঞপ্তি"

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগ, প্রশাসন-১ শাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর স্মারক নং- নং প্রশা-১/এডি/১ আর-১/২০০৯-২০ তারিখ ০৩ জানুয়ারী, ২০২৪ খ্রিস্টাব্দ মূলে প্রাপ্ত ছাড়পত্র মোতাবেক সিভিল সার্জনের কার্যালয়, টাঙ্গাইল ও তার নিয়ন্ত্রণাধীন বিভিন্ন স্বাস্থ্য প্রতিষ্ঠান সমূহে রাজস্ব খাতে (স্থায়ী/অস্থায়ী) ভিত্তিতে পূর্বতন ৩য়/৪র্থ শ্রেণীর শূন্য পদে ১১-২০ গ্রেডে জনবল নিয়োগের জন্য টাঙ্গাইল জেলার স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নবর্নিত শর্ত সাপেক্ষে http://cstangail.teletalk.com.bd ওয়েবসাইটে অনলাইন (Online) এ দরখাস্ত আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত আবেদন গ্রহনযোগ্য হবে না।

ক্র. নং	পদের নাম	পদের সংখ্যা	গ্রেড ও জাতীয় বেতন স্কেল, ২০১৫	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীগন আবেদন করতে পারবেন।
০১	সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর	০১(এক)	গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০)	ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ তে স্নাতক বা সমমানের ডিগ্রি; খ) কম্পিউটার ব্যবহারের দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে; গ) সাঁটলিপিতে প্রতি মিনিটে বাংলায় ৪৫ শব্দ ও ইংরেজীতে ৭০ শব্দ; ঘ) কম্পিউটার টাইপিং-এ বাংলায় প্রতি মিনিটে অন্যূন ২৫ শব্দ এবং ইংরেজীতে প্রতি মিনিটে অন্যূন ৩০ শব্দের গতি থাকতে হবে।	শুধুমাত্র টাঙ্গাইল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। তবে স্বাস্থ্য সহকারী পদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সাবেক ওয়ার্ড/ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে। সংশ্লিষ্ট ওয়ার্ডে উপযুক্ত প্রার্থী পাওয়া না গেলে একই ইউনিয়নের পার্শ্ববর্তী ওয়ার্ড বা পার্শ্ববর্তী ইউনিয়নের যোগ্য প্রার্থীদেরকে নির্বাচন করা হবে। স্বাস্থ্য সহকারীর জন্য শূন্য পদের তালিকা সিভিল সার্জন অফিস, টাঙ্গাইল ও টাঙ্গাইল জেলার সকল উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।
০২	পরিসংখ্যানবিদ	০৮(আট)	গ্রেড-১৪ (১০২০০-২৪৬৮০)	ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পরিসংখ্যান,গনিত, অর্থনীতি বিষয়ে স্নাতক বা সমমান ডিগ্রি; খ) কম্পিউটার চালানোর দক্ষতা; এবং স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারি নিয়োগ বিধিমালা, ২০১৮ এবং তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।	
০৩	অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক	০৫(পাঁচ)	গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০)	ক) কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে; খ) কম্পিউটার ব্যবহারের দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে; গ) কম্পিউটার টাইপিং-এ প্রতি মিনিটে বাংলায় অন্যূন ২০ শব্দ এবং ইংরেজীতে অন্যূন ২০ শব্দের গতি থাকতে হবে।	
০৪	স্টোর কিপার	০৮(আট)	গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০)	ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) স্টোরকিপার পদধারীগনকে সরকারী বিধি অনুযায়ী জামানত প্রদান করতে হবে; গ) স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৮ এবং তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।	
০৫	স্বাস্থ্য সহকারী	১৯২(একশত বিরানব্বই)	গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০)	ক) কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) স্বাস্থ্য বিভাগীয় নন-মেডিকেল কর্মচারি নিয়োগ বিধিমালা, ২০১৮ এবং তফসিল-২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।	
০৬	ড্রাইভার	০৫(পাঁচ)	গ্রেড-১৬ (৯৩০০-২২৪৯০)	ক) কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; খ) বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত হালনাগাদ বৈধ ড্রাইভিং লাইসেন্সসহ গাড়ী চালনার অভিজ্ঞতা থাকতে হবে।	

১। আবেদনের শর্ত ও বিশেষ নির্দেশনা ঃ

১.১ নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্নিত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারিকৃত সর্বশেষ আইন, বিধি ও নীতি অনুসরণ করা হবে।

১.২ উক্ত নিয়োগের জন্য প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে নিয়োগবিধি মোতাবেক লিখিত ও মৌখিক (প্রয়োজন বোধে ব্যবহারিক) পরীক্ষার মাধ্যমে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা হবে।

১.৩ স্বাস্থ্য অধিদপ্তরের স্মারক নং - স্বাঃঅধিঃ/প্রশা-২/ ৩য় শ্রেণী নিয়োগ-১/২০১৮/২৬৫৪ তাং ১১/০৬/২০১৮ খ্রিঃ.মোতাবেক প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে যারা অনলাইনে আবেদন করেছেন, তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই, তাদের আবেদন সঠিক থাকলে গ্রহনযোগ্য বলে বিবেচিত হবে এবং তাদের বয়স পূর্বের বিজ্ঞপ্তির শর্তানুযায়ী গ্রহনযোগ্য হবে। ।

১.৪ সরকারের পূর্বানুমতি ব্যাতিরেকে কোন প্রার্থী কোন বিদেশী নাগরিক কে বিবাহ করলে বা বিবাহের জন্য প্রতিজ্ঞাবদ্ধ হলে তিনি আবেদনের অযোগ্য বলে বিবেচিত হবেন।

১.৫ প্রজাতন্ত্রের কর্মে অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীন চাকুরিরত প্রার্থীদের মধ্যে যোগ্য এবং নির্ধারিত বয়সের প্রার্থীরা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক অনুমতিপ্রাপ্ত হলে নিয়োগের জন্য নির্ধারিত প্রতিযোগিতামূলক পরীক্ষায় অংশগ্রহন করতে পারবেন।

১.৬ প্রজাতন্ত্রের কর্মে অথবা স্থানীয় কর্তৃপক্ষের অধীন চাকুরী হতে অপসারিত হয়েছেন অথবা চাকুরিতে ইস্তফা দিয়েছেন এমন প্রার্থীরাও পরীক্ষায় অংশগ্রহন করতে পারবেন। তবে এ ক্ষেত্রে প্রার্থীকে চাকুরী হতে অপসারণ আদেশের কপি বা ইস্তফাপত্র গৃহীত হয়েছে মর্মে নিয়োগকারী কর্তৃপক্ষের আদেশনামা দাখিল করতে হবে। প্রার্থী কোন ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হলে কিংবা প্রজাতন্ত্রের কর্মে অথবা কর্তৃপক্ষের অধীন চাকুরি হতে বরখাস্ত হয়ে থাকলে আবেদনের অযোগ্য হবেন।

১.৭ একই সময়ে লিখিত পরীক্ষা/MCQ পরীক্ষা হবে বিধায় কোন প্রার্থীর একাধিক পদে আবেদন করার সুযোগ নেই।

১.৮ বিবাহিত মহিলা প্রার্থীদেরকে স্বামীর স্থায়ী ঠিকানা উল্লেখ করতে হবে ।

১.৯ আবেদনপত্র, লিখিত, মৌখিক ও ব্যবহারিক(প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় প্রার্থীর স্বাক্ষর অভিন্ন হতে হবে ।

১.১০ নিয়োগ ও কোটা নির্ধারনের ক্ষেত্রে সরকারের সর্বশেষ বিধিবিধান প্রতিফলিত হবে ।

২। বয়সসীমা ০৯/০৫/২০২৪ খ্রি. তারিখে বয়স ঃ

২.১ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও প্রতিবন্ধী প্রার্থী ব্যতিত অন্যান্য সকল প্রার্থীর জন্য বয়স ১৮ থেকে ৩০ বছর।

২.২ মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও প্রতিবন্ধী প্রার্থীর জন্য বয়স ১৮ থেকে ৩২ বছর।

২.৩ প্রার্থীর বয়স কম বা বেশী হলে আবেদন গ্রহনযোগ্য হবে না। বয়স প্রমাণের জন্য এসএসসি/সমমানের পরীক্ষার মূল/সাময়িক সনদে প্রদত্ত জন্ম তারিখ বয়স গণনার ভিত্তি হিসেবে গণ্য হবে। বয়স প্রমাণের জন্য এফিডেভিট গ্রহনযোগ্য নয়।

৩। নাগরিকত্ব ঃ

৩.১ প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে এবং নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শর্তানুযায়ী স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র (NID) বা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/ পৌরসভা/সিটি কর্পোরেশন এর যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র দাখিল করতে হবে।

৩.২ প্রার্থী কর্তৃক আবেদনপত্রে বর্ণিত স্থায়ী ঠিকানা (Permanent Address) যদি ইতঃপূর্বে কোন সার্টিফিকেটে বা অন্যত্র বর্ণিত স্থায়ী ঠিকানা হতে ভিন্নতর কিংবা মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্বামীর ঠিকানা ব্যবহার করা হয়, তবে সে ক্ষেত্রে প্রার্থীকে পরিবর্তিত স্থায়ী ঠিকানার পক্ষে জাতীয় পরিচয়পত্র (NID) বা সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মেয়র/ওয়ার্ড কমিশনার/পৌরসভার মেয়র/ কাউন্সিলর/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত সনদপত্র দাখিল করতে হবে।

৩.৩ স্বাস্থ্য সহকারী পদের (ক্রমিক নং-০৫) ক্ষেত্রে প্রার্থী যে ওয়ার্ডের (পুরাতন) জন্য আবেদন করবেন সে ওয়ার্ডের (পুরাতন) স্থায়ী বাসিন্দা হতে হবে। একই ইউনিয়নের অন্য ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাগণও আবেদন করতে পারবেন (এ ক্ষেত্রে প্রার্থী যে ওয়ার্ডের বাসিন্দা সে ওয়ার্ড অবশ্যই আবেদন পত্রে উল্লেখ করতে হবে)। তবে সংশ্লিষ্ট শূন্য পদের ওয়ার্ডের বাসিন্দাকে যোগ্য প্রার্থী হিসেবে পাওয়া গেলে অন্য ওয়ার্ডের প্রার্থীদের বিবেচনা করা হবেনা এবং সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দা হিসেবে যোগ্য প্রার্থী পাওয়া না গেলে অন্য ওয়ার্ডের যোগ্য প্রার্থীদের বিবেচনা করা হবে।

৪। স্বাস্থ্য সহকারী শূন্য পদের তালিকা (ওয়ার্ড, ইউনিয়ন, উপজেলা ভিত্তিক) সিভিল সার্জনের কার্যালয়, টাঙ্গাইল এবং উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার কার্যালয়ের নোটিশ বোর্ড এবং অত্র কার্যালয়ের ওয়েব সাইটে পাওয়া যাবে।

৫। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী / শর্তাবলী ও সময়সীমা নিম্নরূপ ঃ

৫.১ পরীক্ষায় অংশগ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ (http://cstangail.teletalk.com.bd) ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। ওয়েব সাইটে প্রকাশিত নির্দেশনা মোতাবেক ফরম পূরন করতে হবে।

৫.২ অনলাইনে (Online) এ আবেদনপত্র পূরণ ও জমাদান শুরুর তারিখ ও সময় ০৯/০৫/ ২০২৪খ্রিঃ সকাল ১০:০০ ঘটিকা হতে।

৫.৩ অনলাইন (Online) আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৯/০৫/২০২৪খ্রিঃ বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত।

৫.৪ উক্ত সময়সীমার মধ্যে User Id প্রাপ্ত প্রার্থীগণ অনলাইন (Online) এ আবেদনপত্র সাবমিটের সময় থেকে পরবর্তী ৭২(বাহাত্তর) ঘন্টার মধ্যে SMSএর মাধ্যমে পরীক্ষার ফী জমা দিতে পারবেন।

৬। Online এ আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০ Pixel) ও স্বাক্ষর (দৈর্ঘ্য৩০০ X প্রস্থ ৮০ Pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

৭। অনলাইন (Online) আবেদন পত্রে পূরনকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে সেহেতু অনলাইন (Online) এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরনকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

৮। প্রার্থী Online এ পূরনকৃত আবেদন পত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

৯। SMS প্রেরণের নিয়মাবলি ও পরীক্ষার ফী প্রদান ঃ

Online এ আবেদনপত্র (Apliciant form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Apliciant Preview দেখা যাবে। নির্ভূলভাবে আবেদনপত্র করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Apliciant`s copy প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Apliciant`s copy তে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রি-পেইড মোবাইল নম্বরের মাধ্যমে ০২(দুই)টি এসএমএস করে পরীক্ষার ফি বাবদ গ্রেড ১৩ হতে ১৬ পর্যন্ত ২০০/- (দুইশত) টাকা ও টেলিটকের সার্ভিস চার্জ বাবদ ২৩/- (তেইশ) টাকা সহ মোট (অফেরতযোগ্য) ২২৩/- (দুইশত তেইশ) টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষ ভাবে উল্লেখ্য, Online আবেদনপত্রে সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত Online এর আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

<u>প্রথম SMS:</u>

CSTANGAIL<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example : CSTANGAIL ABCDEF Send to 16222.
Reply: Applicant`s Name , Tk. 223/- will be charged as application fee. Your pin is – XXXXX. To pay fee.
Type : CSTANGAIL <space> yes <space> PIN and send to 16222

<u>দ্বিতীয় SMS:</u>

CSTANGAIL <space> yes <space> PIN লিখে and Send করতে হবে 16222 নম্বরে।
Example : CSTANGAIL YES 12345678.
Reply SMS : Congratulations! Applicant`s Name, payment completed successfully for CSTANGAIL Application of (post name) User ID is (ABCDEFG) and password (XXXXXXXXX)

১০। প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি (http;//cstangail.teletalk.com.bd) অথবা www.cs .tangail.gov.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধুমাত্র যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরন করা বাঞ্ছনীয়।

১১। SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও স্থান/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন কপি প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহনের সময় এবং উত্তীর্ণ হলে ব্যবহারিক /মৌখিক পরীক্ষার সময় অবশ্যই প্রদর্শন করবেন।

১২। শুধুমাত্র Taletalk প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্নিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন।

(ক) User ID জানা থাকলে :

CSTANGAIL <space> HELP <space> USER<space> USer ID & send to 16222
Example : CSTANGAIL HELP USER ABCDEF

(খ) PIN Number জানা থাকলে :

CSTANGAIL <space> HELP <space> PIN<space> PIN Number & send to 16222
Example : CSTANGAIL HELP PIN ABCDEF

১৩। বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও অত্র কার্যালয়ের ওয়েবসাইট www.cs.tangail.gov.bd এ বিজ্ঞপ্তির এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে । টেলিটকের জবপোর্টাল http://alljobs.taletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.cs.tangail.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

১৪। অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা alljobs.query@taletalk.com.bd বা tangail@cs.dghs.gov.bd ই-মেইল এ যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেসবুক পেইজে- http://www.facebook.com/alljobsbdTeletalk মেসেজ এর মাধ্যমে যোগাযোগ করা যাবে। (Mail/মেসেজ এর Subject এ Organization Name: CSTANGAIL.Post Name:***, Applicant`s User ID – Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে।

১৫। প্রার্থীকে ডিক্লারেশন অনলাইন আবেদন পত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষনা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দূর্নীতির আশ্রয় গ্রহন করলে কিংবা পরীক্ষায় নকল কিংবা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে অথবা নিয়োগের পরে যে কোন পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনত ব্যবস্থা গ্রহন করা যাবে।

১৬। কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস অথবা বৃদ্ধি এবং বিজ্ঞপ্তিতে বর্ণিত যে কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন ও নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। Online এ আবেদন ও নিয়োগ পরীক্ষা সংক্রান্ত যে কোন বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৭। প্রাথমিক ভাবে বাছাইকৃত প্রার্থীদের কর্তৃপক্ষের সিদ্ধান্ত মোতাবেক লিখিত, ব্যবহারিক পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) এবং মৌখিক পরীক্ষায় আলাদাভাবে উত্তীর্ণ হতে হবে। কেবলমাত্র মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নোক্ত কাগজপত্র সমূহের মূলকপি বাধ্যতামূলকভাবে প্রদর্শন করতে এবং একসেট সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে। সকল সত্যায়ন/প্রত্যায়ন সরকারি ১ম শ্রেণীর কর্মকর্তা (নাম ও পদবী উল্লেখসহ সীলমোহর) কর্তৃক সম্পাদিত হতে হবে।

১৭.১ সকল শিক্ষাগত যোগ্যতার মূলসনদ/সাময়িক সনদ/প্রত্যয়নপত্র, অভিজ্ঞতার সনদপত্র ইত্যাদি।

১৭.২ প্রযোজ্য ক্ষেত্রে কম্পিউটার জ্ঞানের সমর্থনে সনদপত্র ।

১৭.৩ চাকুরির আবেদন ফরমে উল্লেখিত স্থায়ী ঠিকানা, নিজ জেলা ও জাতীয়তা সমর্থনে জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন এবং সংশ্লিষ্ট ইউনিয়নের পুরাতন ওয়ার্ড উল্লেখ করতঃ জাতীয়তা সনদপত্র।

১৭.৪ ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র।

১৭.৫ মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী সনদপত্র/প্রমানক থাকতে হবে। মুক্তিযোদ্ধার সন্তান, সন্তানের সন্তান, কোটার আবেদনকারীকে মুক্তিযোদ্ধার সহিত সম্পর্ক বিষয়ে মেয়র/ওয়ার্ড কমিশনার/ইউপি চেয়ারম্যান এর সনদ থাকতে হবে।

১৭.৬ মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ৩১/০৮/২০২৩ খ্রি. তারিখের ৪৮.০০.০০০০.০০২.৯৯.০০৪.১৮.১৯ নম্বর স্মারকে জারীকৃত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী বীর মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তান বা নাতী/নাতনী হিসেবে মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ প্রাপ্তির আবেদনের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রনালয়ের ওয়েবসাইটে (www.molwa.gov.bd) প্রকাশিত সমন্বিত তালিকার প্রকাশিত নামই বৈধ/স্বীকৃত মুক্তিযোদ্ধা হিসেবে বিবেচিত হবে। এক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধার জন্ম তারিখ ৩০ মে ১৯৫৯ (অর্থাৎ ১৯৭১ সালের ৩০ নভেম্বর তারিখে ১২ বছর ০৬ মাস) কিংবা তার পূর্বে হতে হবে।

১৭.৭ ক্ষুদ্র ও নৃ-গোষ্ঠি (উপজাতি) প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কতৃক ইস্যুকৃত সনদপত্র।

১৭.৮ এতিম প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর কর্তৃক পরিচালিত এতিমখানা/শিশুসদন কর্তৃক প্রদত্ত সনদ পত্র।

১৭.৯ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদস্য (নূন্যতম ২১ দিনের প্রশিক্ষণ যা ০৫/১১/২০২৩ এর পূর্বে সম্পন্ন) প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থী আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহীনির সদস্য মর্মে আনসার ও ভিডিপির জেলা কমান্ড্যান্ট কর্তৃক প্রদত্ত সনদপত্র ।

১৭.১০ বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রমাণক।

১৭.১১ প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রতিবন্ধী সম্পর্কিত সনদ।

১৭.১২ Download কৃত Applicant`s Copy & Admit Card এর সত্যায়িত কপি।

১৮। প্রার্থীকে লিখিত, ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার অংশগ্রহনের জন্য কোন দৈনিক ভাতা ও যাতায়াত ভাতা দেয়া হবেনা।

১৯। সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট এবং সিভিল সার্জনের স্বাস্থ্যগত প্রত্যায়ন চাকুরিতে নিয়োগের অন্যতম প্রধান শর্ত হিসেবে বিবেচিত হবে। এছাড়া নিয়োগের পূর্বে ডোপটেস্ট করা হবে। ডোপটেস্টে কাউকে মাদকাসক্ত পাওয়া গেলে তার নিয়োগ বাতিল বলে গণ্য হবে।

২০। যে কোন তদবীর বা সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে।

বি.দ্র. : ২৯ মে ২০২৪ শেষ তারিখ ও সময়ের অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে আবেদনকারীকে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

২৬.০৫.২৪

(ডাঃ মোঃ মিনহাজ উদ্দিন মিয়া)
কোড নং-৪৩০৬৩
সিভিল সার্জন ,টাঙ্গাইল
ও
সদস্য সচিব
১১-২০ গ্রেডে (পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেণী) জনবল নিয়োগ কমিটি,
টাঙ্গাইল।

স্মারক নং সিএসটাং/শা-১/নিয়োগ/২০২৪/ ৫১০৭/১(৩৫) তারিখ ০৬/০৫/২০২৪খ্রিঃ ।

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরণ করা হলো ঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। দৃষ্টি আকর্ষণ: উপসচিব (প্রশাসন-১ শাখা)।
২। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা -১২১২। দৃষ্টি আকর্ষণ : সহকারী পরিচালক (সমন্বয়)।
৩। পরিচালক (প্রশাসন/অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা-১২১২।
৪। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। উপরোক্ত বিজ্ঞপ্তি খানা স্বাস্থ্য অধিদপ্তর এর ওয়েবসাইটে প্রকাশ করার জন্য সবিনয় অনুরোধ করা হলো।
৫। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ, ঢাকা।
৬। জেলা প্রশাসক, টাঙ্গাইল। (বিজ্ঞপ্তিটি আপনার অফিস নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)
৭। পুলিশ সুপার, টাঙ্গাইল। (বিজ্ঞপ্তিটি আপনার অফিস নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)
৮।সিনিয়র সহকারী সচিব (বিশ্বস্বাস্থ্য-২ শাখা) স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা, সদস্য, ১১-২০ গ্রেডে (পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেণী) জনবল নিয়োগ কমিটি।
৯। বাংলাদেশ সরকারী কর্মকমিশনের প্রতিনিধি, সদস্য, ১১-২০ গ্রেডে (পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেণী) জনবল নিয়োগ কমিটি।
১০। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) (জেলা প্রশাসন মন্ত্রণালয়ের প্রতিনিধি, জেলা প্রশাসক, টাংগাইল কর্তৃক মনোনিত), টাংগাইল, সদস্য, ১১-২০ গ্রেডে (পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেণী জনবল নিয়োগ কমিটি ।
১১। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা (সকল) জেলা – টাঙ্গাইল। (বিজ্ঞপ্তিটি আপনার অফিস নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
১২। জেলা তথ্য অফিসার, টাঙ্গাইল/জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল/জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, টাঙ্গাইল। (বিজ্ঞপ্তিটি আপনার অফিস নোটিশ বোর্ডে প্রদর্শনের অনুরোধসহ)।
১৩। ....টাঙ্গাইল।
১৪। ডিস্ট্রিক্ট একাউন্টস এন্ড ফিনান্স অফিসার, টাঙ্গাইল।
১৫। সম্পাদক, ...। উপরোক্ত বিজ্ঞপিটি আপনার প্রকাশিত পত্রিকায় ১(এক) দিন প্রকাশকরণ এবং প্রকাশিত পত্রিকার নমুনা কপি ৫(পাঁচ) সেট নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।
১৬। নোটিশ বোর্ড, সিভিল সার্জনের কার্যালয়, টাঙ্গাইল।
১৭। অফিস কপি।

০৬.০৫.২৪

(ডাঃ মোঃ মিনহাজ উদ্দিন মিয়া)
কোড নং-৪৩০৬৩
সিভিল সার্জন ,টাঙ্গাইল
ও
সদস্য সচিব
১১-২০ গ্রেডে (পূর্বতন ৩য় ও ৪র্থ শ্রেণী) জনবল নিয়োগ কমিটি,
টাঙ্গাইল।